

পশ্চিমবঙ্গ সরকার
রানাঘাট - ২ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
রানাঘাট, নদীয়া।

স্মারক সংখ্যা : ৩০১৬... দোকান ঘর / রানাঘাট কৃষক বাজার

তারিখ : ২৬.১১.২০১৫

ঃ বিজ্ঞপ্তি :
ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা হইতেছে যে, নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটির অধীন রানাঘাট কৃষক বাজারে সর্বমোট ২২ টি দোকানঘর, কিয়স্ক ব্লকে ১০ টি (আনুমানিক মাপ ২.৭ মিটার X ৩.৫ মিটার - ৪টি এবং ২.৮৫ মিটার X ৩.৫ মিটার - ৬ টি) এবং কৃষক সহায়ক কেন্দ্রের একতলায় ১২ টি (আনুমানিক মাপ ২.৯৭৫ মিটার X ৩.৯৭৫ মিটার) কৃষিপণ্য ও কৃষি সংক্রান্ত (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রাংশ, পশু চিকিৎসা ইত্যাদি) ব্যবসার জন্য শর্তসাপেক্ষে বন্টন করা হইবে। যাহারা ঐ সংক্রান্ত ব্যবসায়ী বা ব্যবসায় আগ্রহী তাহারা ২০০ টাকা মূল্যের নিদিষ্ট আবেদন পত্র সমষ্টি উন্নয়ন আধিকারিক, রানাঘাট - ২ ব্লক এর অফিস হইতে নগদ মূল্যে আগামী ১১/১২/২০১৫ হইতে ১২/১২/২০১৫ তারিখ পর্যন্ত বেলা ১১ টা থেকে ৪.০০ টা পর্যন্ত সংগ্রহ করিতে পারিবেন। সঠিকভাবে পূরণকরা নিদিষ্ট আবেদন পত্র সমষ্টি উন্নয়ন আধিকারিক, রানাঘাট - ২ ব্লক এর অফিসে আগামী ১২/১২/২০১৫ তারিখ বেলা ২ টা পর্যন্ত জমা করা যাইবে। আবেদন পত্রের সহিত আবেদনকারীর ভোটার কার্ডের জেরক্সকপি সংযুক্ত করিতে হবে।

শর্তাবলী :

- ১। প্রতিটি দোকান ঘরের জন্য ফেরতযোগ্য অগ্রিম হিসাবে ২৫০০০ (পঁচিশ হাজার) টাকা নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটির অনুকূলে ব্যাঙ্ক ড্রাফট বা নগদে জমা করিতে হইবে, নথিভুক্ত সংস্থার চেক গ্রহণযোগ্য তবে তাহা নগদীকরণ করিবার পর। কোনো কারণে দোকানঘর নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটিকে হস্তান্তর করলে অগ্রিম অর্থ ফেরত দেওয়া হইবে। আইনবিরুদ্ধ কাজের জন্য দোকানঘর বাজেয়াপ্ত হইলে অগ্রিম টাকা বাজেয়াপ্ত হইবে।
- ২। প্রতিটি দোকান ঘরের মাসিক ভাড়া ৩.০০ (তিন) টাকা প্রতি বর্গফুট (দোকান ঘরের ভিতরের মাপ অনুযায়ী) ধার্য হইবে। দোকানঘর হস্তান্তর পরবর্তী প্রতি মাসের ভাড়া পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটির নিকট জমা করিতে হইবে। পর পর তিন মাসের ভাড়া বকেয়া হইলে দোকান ঘর বাজেয়াপ্ত করা হইবে। দোকানঘর ভাড়ার পরবর্তী সংশোধন (রিভিশান) সরকারী নিয়ম অনুযায়ী হবে।
- ৩। প্রতিটি দোকান ঘরের রক্ষণাবেক্ষন খরচ বাবদ বার্ষিক ৬০০০ (ছয় হাজার) টাকা নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটির কাছে অগ্রিম জমা করিতে হইবে। পরবর্তী চুক্তি বৎসরের (কন্ট্রাক্টচুয়াল ইয়ার) রক্ষণাবেক্ষন খরচ ঐ বছর শুরুর প্রথম মাসের ১৫ তারিখ এর মধ্যে জমা করিতে হইবে, অন্যথায় দোকান ঘর বাজেয়াপ্ত হইবে।

- ৪। প্রতিটি দোকান ঘরের জন্য পৃথক বৈদ্যুতিক সংযোগ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টনকারী কোম্পানী লিমিটেড এর কাছ থেকে নিজ খরচে লইতে হইবে। এবিষয়ে প্রয়োজনীয় নো অবজেকসান সার্টিফিকেট নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটির ১৯ নং এম. এম. ঘোষ স্ট্রীট কৃষ্ণনগরস্থিত অফিস হইতে পাওয়া যাইবে।
- ৫। নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটি বা রানাঘাট কৃষক বাজারের জন্য গঠিত সাব কমিটির লিখিত অনুমতি ব্যতিত বন্ডিত দোকানঘরের কোনোরূপ পরিবর্তন পরিবর্ধন ইত্যাদি করা যাইবে না।
- ৬। নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটি দ্বারা বন্ডিত দোকানঘর কোনো অবস্থাতেই অন্যকে হস্তান্তর (ট্রান্সফার) করা যাইবে না বা ভাড়া দেওয়া (সাবলেট) যাইবে না।
- ৭। বন্ডিত দোকান ঘরে প্রথমে উল্লেখিত কৃষিপণ্য ও কৃষি সংক্রান্ত বাদে সাধারণভাবে অন্য ব্যবসা করা যাইবে না।
- ৮। কৃষিপণ্য ও কৃষি সংক্রান্ত ব্যবসা করার জন্য সরকারের বিভিন্ন দপ্তরের প্রয়োজনীয় অনুজ্ঞাপত্র (লাইসেন্স) আবেদনকারীকে নিজ উদ্যোগে এবং অর্থে সংগ্রহ করিতে হইবে।
- ৯। বন্ডিত দোকানঘরের শর্ত ভঙ্গ করিলে, আইনবিরুদ্ধ বা অসামাজিক কাজ করিলে বা প্রশয় দিলে দোকানঘর বাজেয়াপ্ত করা হইবে।
- ১০। আবেদনকারীর সংখ্যা দোকানঘরের থেকে বেশী হইলে লটারীর মাধ্যমে দোকানঘর বন্টন করা হইবে। অন্যথায় “আগে আসিলে আগে পাইবেন” এই ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ১১। সফল আবেদনকারী ফেরতযোগ্য অগ্রিম এবং দোকান ঘরের রক্ষণাবেক্ষন অগ্রিম খরচ জমা করিবার পরই উক্ত দোকান ঘরের চাবি নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটির পক্ষ হইতে হস্তান্তর করা হইবে।
- ১১। সফল আবেদনকারীকে নদীয়া জিলা রেগুলেটেড মার্কেট কমিটি সাথে নিদিষ্ট শর্তাবলী উল্লেখিত চুক্তিপত্রে সাক্ষর করিতে হইবে।

১২। দোকানঘর তহবিলে প্রাপ্ত টেন-মহিন্টা-মিহিন্টা-কৃষ্ণনগর,

সমষ্টি উন্নয়ন আধিকারিক,

রানাঘাট - ২ ব্লক এবং

সদস্য আহ্বায়ক,

রানাঘাট কৃষক বাজার সাব কমিটি।

Block Development officer
Ranaghat-II Dev. Block, Nadia.